

# পিইসি ও জেএসসি পরীক্ষা ফের চালু হবে কি না, জানােন শিক্ষামন্ত্রী

অনলাইন ডেস্ক



পঞ্চম শ্রেণির প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) এবং অষ্টম শ্রেণির জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা ফের চালু হওয়ার কোনো সম্ভাবনা নেই বলে জানিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আনম এহছানুল হক মিলন।

মঙ্গলবার (২১ এপ্রিল) দুপুরে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ তথ্য জানান।

মন্ত্রী বলেন, ‘আমাদের সময়ে এই পরীক্ষাগুলো ছিল না। মাঝে যারা সরকারে ছিলেন, তারা এটি চালু করেছিলেন।

কিন্তু এখন স্টেকহোল্ডাররা এটি বাতিলের পক্ষে  
সুপারিশ করেছেন।’

তিনি বলেন, ‘যারা একসময় পরীক্ষা  
চেয়েছিলেন, তারাই এখন বাতিলের পক্ষে। এটি  
পরীক্ষিত বিষয়, তাই এ নিয়ে ফের ভাবার  
কোনো অবকাশ নেই।’